বিদ্যুৎ ও জ্বালানি
নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(বিসিএমসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত ‘নৈতিকতা কমিটি’-এর দ্বিতীয় প্রান্তিকের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | আবু তাহের মোঃ নূর-উজ-জামান চৌধুরী<br>মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন) ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি, বিসিএমসিএল |
| সভার তারিখ | ২৩ নভেম্বর ২০২১ |
| সভার সময় | দুপুর ১২:০০ টা |
| স্থান | সভাপতির দপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

২.০। আলোচনা:

২.১। সভায় বিসিএমসিএল-এর ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২১ - ডিসেম্বর ২০২১) লক্ষ্যমাত্রাসমূহ সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করা হয়। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী ২য় কোয়ার্টারে বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রাসমূহ নিম্নরূপ:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা………………………………** | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | আহ্বায়ক, নৈতিকতা কমিটি | ৪ | ১ |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৬ | % | মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, সংশ্লিষ্ট বিভাগ | ১০০ | ১০০ |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | ২য় কোয়ার্টার: মহাব্যবস্থাপক/ কোম্পানি সচিব | ৪ | ১ |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | মহাব্যবস্থাপক (প্রশাসন) | ৩ | ১ |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | আবাসিক ও শিল্প এলাকার ড্রেনসমূহ পরিষ্কারকৃত | ১ | তারিখ | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ মহাব্যবস্থাপক (মাইন অপারেশন) | ৩১.১২.২১ | ৩১.১২.২১ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কর্ম-পরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ৪ | তারিখ | নৈতিকতা কমিটি/উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) | ৩০.০৬.২১<br>১৫.১০.২১<br>১৫.০১.২২<br>১৫.০৪.২২<br>১৫.০৭.২২ | ১৫.০১.২২ |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম ..........................................................................** | | | | | | |
| ৩.১ বায়োমেট্রিক হাজিরা চালুকরণ | বায়োমেট্রিক হাজিরা চালুকৃত | ৪ | তারিখ | মহাব্যবস্থাপক (প্রশাসন) | ৩১.১২.২১ | ৩১.১২.২১ |
| ৩.২ ক্রয়কার্যে ই-জিপি টেন্ডারে সর্বোচ্চ ব্যবহারকরণ | ই-জিপি তে টেন্ডার আহ্বানকৃত | ৪ | % | মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) | ৮০ | ৮০ |
| ৩.৩ বিদ্যুতের অপচয় রোধকল্পে পদক্ষেপ গ্রহণ | বিদ্যুতের অপচয় রোধে পদক্ষেপ গৃহীত | ৪ | % | সকল মহাব্যবস্থাপক | ৪ | ১ |
| ৩.৪ মালামাল সরবারহের পর দ্রুততম সময়ের (১০ কর্মদিবস) মধ্যে গুণগতমান যাচাইকরণ | মালামালের গুণগতমান দ্রুততম সময়ের মধ্যে যাচাইকৃত | ৪ | সংখ্যা | মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) | ২০ | ৫ |
| ৩.৫ বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ চালুকরণ | বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরিত | ৪ | % | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/ মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) | ২৫ | ২৫ |

২.২। সভাকে অবহিত করা হয় যে, বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২য় কোয়ার্টারে মহাব্যবস্থাপক/কোম্পানি সচিব কর্তৃক ১টি সভা আহ্বান করতে হবে। উক্ত সভাটি অদ্যাবধি আয়োজন করা হয়নি মর্মে উল্লেখ করে নির্ধারিত সময়ের মধ্যে সভাটি আয়োজন করার প্রয়োজনীয়তার প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়।

২.৩। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৪ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত ১টি প্রশিক্ষণ ২য় কোয়ার্টারে আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সে অনুযায়ী ডিসেম্বর ২০২১ এর মধ্যে প্রশাসন বিভাগ কর্তৃক উক্ত প্রশিক্ষণটি আয়োজন করতে হবে।

২.৪। সভায় উল্লেখ করা হয় যে, কোম্পানির কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৫ অনুযায়ী আগামী ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে আবাসিক ও শিল্প এলাকার ড্রেনসমূহ পরিষ্কার করতে হবে। এ লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কোম্পানির প্রশাসন বিভাগ ও মাইন অপারেশন বিভাগ কর্তৃক প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভা একমত পোষণ করে।

২.৫। সভাকে অবহিত করা হয় যে, বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ১ম ত্রৈমাসিক (জুলাই ২০২১ - সেপ্টেম্বর ২০২১) বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন (প্রমাণসহ) নির্ধারিত তারিখের (১৫ অক্টোবর ২০২১) পূর্বেই গত ১০ অক্টোবর ২০২১ তারিখে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এ দাখিল এবং কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়। উক্ত প্রতিবেদনটি পেট্রোবাংলার নৈতিকতা কমিটির নিকট সন্তোষজনক হিসেবে বিবেচিত হয়েছে। এই ধারাবাহিকতায় ২য়

ত্রৈমাসিক (অক্টোবর ২০২১ - ডিসেম্বর ২০২১) বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন (প্রমাণসসহ) প্রস্তুতপূর্বক নির্ধারিত তারিখের মধ্যে পেট্রোবাংলায় দাখিল ও কোম্পানির ওয়েবসাইটে আপলোড করার লক্ষ্যে ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত বিভাগ/ডিপার্টমেন্ট/ব্যক্তিগণ কর্তৃক ০৫ জানুয়ারী ২০২২ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) নৈতিকতা কমিটির নিকট প্রেরণে সচেষ্ট হবেন মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।

২.৬। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.১ অনুযায়ী আগামী ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে কোম্পানিতে বায়োমেট্রিক হাজিরা চালু করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সভাকে অবহিত করা হয় যে, বায়োমেট্রিক হাজিরা চালু করার লক্ষ্যে কোম্পানির শিল্প এলাকার প্রবেশ ফটকে ১টি ডিভাইজ স্থাপন করা হয়। কোম্পানির আইসিটি ডিপার্টমেন্টের সহায়তা নিয়ে নির্ধারিত তারিখের পূর্বেই বায়োমেট্রিক হাজিরা চালু করার জন্য প্রশাসন বিভাগ-কে সচেষ্ট হতে হবে। গত ১৫/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত পেট্রোবাংলার ৯৯তম মাসিক পর্যালোচনা সভার বরাত দিয়ে সভাপতি উল্লেখ করেন যে, কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতি মনিটর করার জন্য পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা মোতাবেক পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন) মহোদয় পেট্রোবাংলার বিভাগ/শাখাসহ যে কোন কোম্পানি আকস্মিক পরিদর্শনে যাবেন মর্মে জানানো হয়েছে।

২.৭। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.২ অনুযায়ী ক্রয়কার্যের ৮০% ই-জিপি টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করা; ক্রমিক ৩.৩ অনুযায়ী বিদ্যুতের অপচয় রোধ করা; ক্রমিক ৩.৪ অনুযায়ী মালামাল সরবারহের পর দ্রুততম সময়ের (১০ কর্মদিবস) মধ্যে গুণগতমান যাচাই করা এবং ক্রমিক ৩.৫ অনুযায়ী ২৫% বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ নিশ্চিত করার জন্য কোম্পানির সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্টসমূহকে সচেষ্ট থাকতে হবে।

২.৮। সভাপতি উল্লেখ করেন যে, গত ১৫/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত পেট্রোবাংলার ৯৯তম মাসিক পর্যালোচনা সভায় শুদ্ধাচারের বিষয়টি যথাযথভাবে প্রতিপালনে সচেষ্ট হওয়ার জন্য সিদ্ধান্ত/নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত সভায় পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন) মহোদয় উল্লেখ করেছেন যে, শুদ্ধাচারের বিষয়টি কেবল প্রতিবেদনের মধ্যে সীমাবদ্ধ রাখলেই চলবে না। এটি যথাযথভাবে প্রতিপালনের জন্য উর্ধ্বতন সকলকে সচেষ্ট থাকতে হবে, তবেই অধীনস্তরা তা প্রতিপালনে আগ্রহী হবে। পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয় উক্ত সভায় বলেছেন যে, সর্বক্ষেত্রে আমাদেরকে সদাচার পালন করতেই হবে, এর কোন বিকল্প নেই। শুধু চাকুরিজীবী হিসেবেই নয়, একজন মানুষ হিসেবেও আমাদেরকে সর্বক্ষেত্রে সদাচার পালন করতে হবে। এজন্য অবশ্যই সবাইকে সৎ থাকতে হবে। যেহেতু ইবাদতের পূর্বশর্ত হালাল রুজি এবং জনগণের কষ্টার্জিত অর্থে আমাদের বেতন দেয়া হয়, সেহেতু রুজি হালাল করার জন্য আমাদেরকে স্ব-স্ব দায়িত্ব অবশ্যই যথাযথাভবে পালন করতে হবে। বর্ণিত নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচারের বিষয়টি যথাযথভাবে প্রতিপালনের জন্য বিসিএমসিএল-এর কর্মকতা-কর্মচারীগণ সচেষ্ট হবেন মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।

৩.০। সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২য় কোয়ার্টারে ১ (এক) টি সভা আহ্বান করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক/কোম্পানি সচিব, বিসিএমসিএল।

৩.২। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৪ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত ১টি প্রশিক্ষণ ২য় কোয়ার্টারে আয়োজন করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৩.৩। কোম্পানির কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৫ অনুযায়ী আগামী ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে আবাসিক ও শিল্প এলাকার ড্রেনসমূহ পরিষ্কার করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং মহাব্যবস্থাপক (মাইন অপারেশন), বিসিএমসিএল।

৩.৪। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.১ অনুযায়ী আগামী ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে কোম্পানিতে বায়োমেট্রিক হাজিরা চালু করতে হবে। কোম্পানির আইসিটি ডিপার্টমেন্ট এ বিষয়ে প্রশাসন বিভাগকে সার্বিক সহায়তা প্রদান করবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), বিসিএমসিএল।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবু তাহের মোঃ নূর-উজ-জামান চৌধুরী
মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন) ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি, বিসিএমসিএল

স্মারক নম্বর: ২৮.১২.০০০০.২২১.৮৪.০০১.২১.১৫৭

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৮
২৮ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
২) মহাব্যবস্থাপক, সারফেস অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৩) মহাব্যবস্থাপক, মাইন অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৪) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), কোম্পানি সচিবালয় বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৫) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৬) মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৭) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), প্লানিং এন্ড এক্সপ্লোরেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৮) উপ-মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড সেলস ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৯) উপ-মহাব্যবস্থাপক, স্টোর ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১০) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১১) উপ-মহাব্যবস্থাপক, জেনারেল সার্ভিসেস ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১২) উপ-মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১৩) উপ-মহাব্যবস্থাপক, অডিট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১৪) সকল বিভাগ, ডিপার্টমেন্ট ও শাখা প্রধান, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড, দিনাজপুর।

মোঃ জাহিদ আনোয়ার
ব্যবস্থাপক (আর.টি.এল এন্ড আর) এবং সদস্য-
সচিব ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি